বিদেশে বসে গণতান্ত্রিক অগ্রযাত্রা বাধাগ্রস্ত করার ষড়যন্ত্র চলছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিদেশে অবস্থানরত একটি অপশক্তি দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা ব্যাহত করার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। কোনো রাজনৈতিক দল ফ্যাসিস্টদের মদদ দিয়ে পরিস্থিতি ঘোলাটে করার চেষ্টা করলে জনগণ তাদের ক্ষমা করবে না বলেও হুঁশিয়ারি দেন তিনি।

শনিবার (৭ নভেম্বর) জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে সকালে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন রিজভী।

তিনি বলেন, দেশকে অস্থিতিশীল করতে বাকশালিরা বারবার ষড়যন্ত্র করেও পরাজিত হয়েছে। বিদেশে থাকা অপশক্তিও গণতান্ত্রিক অগ্রযাত্রা থামানোর চেষ্টা করছে। তবে ৭ নভেম্বরের চেতনায় দেশের মানুষ ঐক্যবদ্ধ হয়ে গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত রাখবে।

এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমান মন্ত্রী ও দলীয় নেতাদের নিয়ে জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানান। পরে তাঁরা ফাতেহা পাঠ ও দোয়া করেন। এ সময় বিএনপির জ্যেষ্ঠ নেতারা এবং সরকারের কয়েকজন মন্ত্রী উপস্থিত ছিলেন।